# পরিচালকের কার্যালয়
ছাত্র পরামর্শ ও নির্দেশনা
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Web: gstu.edu.bd; e-mail: director.sad@gstu.edu.bd


স্মারক নং- গোবিপ্রবি/ছা.প.নি/বি.নো./২০২৬/৪৫/৩৩

তারিখ ঃ ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

## বিজ্ঞপ্তি

গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সেনাবাহিনীতে ৬২তম বিএমএ স্পেশাল (সিগন্যালস/ইএমই/এইসি) এবং ৫৫তম বিএমএ স্পেশাল (আরভিএন্ডএফসি) কোর্সে অফিসার ক্যাডেট পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহের আগ্রহী ও যোগ্য শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য আহ্বান জানানো হচ্ছে।

**<u>শিক্ষাগত যোগ্যতা ও বিভাগসমূহ:</u>**

**১. সিগন্যালস কোর (পুরুষ):**
* যোগ্যতা: CSE, EEE, ECE বা ETE বিষয়ে B.Sc Engineering-এ ন্যূনতম CGPA ৩.০০ (৪.০০ এর মধ্যে)।
* এসএসসি ও এইচএসসি: উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৪.৫০।

**২. ইলেকট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং - ইএমই (পুরুষ):**
* যোগ্যতা: Mechanical, EEE, ECE বা ETE বিষয়ে B.Sc Engineering-এ ন্যূনতম CGPA ৩.০০ (৪.০০ এর মধ্যে)।
* এসএসসি ও এইচএসসি: উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৪.৫০।

**৩. আর্মি এডুকেশন কোর - এইসি (পুরুষ ও মহিলা):**
* যোগ্যতা: অর্থনীতি, বিবিএ, আন্তর্জাতিক সম্পর্ক এবং মেডিকেল ফিজিসিস্ট বিষয়ে স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রিতে ন্যূনতম CGPA ৩.০০ (৪.০০ এর মধ্যে)।
* এসএসসি ও এইচএসসি: উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৪.০০।

**৪. রিমাউন্ট ভেটেরিনারি অ্যান্ড ফার্ম কোর (পুরুষ):**
* যোগ্যতা: B.Sc. Vet. Sci. & A.H/DVM/B.Sc., AH (Hons)-এ ন্যূনতম CGPA ৩.০০ সহ ইন্টার্নশিপ সম্পন্নকারী।

**<u>অন্যান্য শারীরিক ও সাধারণ যোগ্যতা:</u>**
* বয়স: ০১ জানুয়ারি ২০২৭ তারিখে অনূর্ধ্ব ২৬ বছর।
* উচ্চতা: পুরুষদের জন্য সর্বনিম্ন ১.৬৫ মিটার (৫ ফুট ৫ ইঞ্চি); মহিলাদের জন্য সর্বনিম্ন ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি)।
* বৈবাহিক অবস্থা: পুরুষ প্রার্থীদের জন্য অবিবাহিত (তবে ০১ জানুয়ারি ২০২৭ তারিখে বয়স ২৬ বছরের উপরে হলে বিবাহিত প্রার্থী আবেদন করতে পারবেন)। মহিলা প্রার্থীদের জন্য বিবাহিত/অবিবাহিত উভয়ই প্রযোজ্য।

**<u>গুরুত্বপূর্ণ তারিখসমূহ:</u>**
* অনলাইনে আবেদনের শেষ তারিখ: ২৪ আগস্ট ২০২৬
* লিখিত পরীক্ষা (১০০ নম্বর): ২৮ আগস্ট ২০২৬ (শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, ঢাকা)
* লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ: সেপ্টেম্বর ২০২৬
* প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা: ১১ অক্টোবর ২০২৬ হতে ১৫ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত

১০.৮.২৬

CamScanner

পরিচালকের কার্যালয়
ছাত্র পরামর্শ ও নির্দেশনা
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Web: gstu.edu.bd; e-mail: director.sad@gstu.edu.bd

**আবেদন প্রক্রিয়া:**

আগ্রহী প্রার্থীদের সরাসরি বাংলাদেশ সেনাবাহিনীর অফিশিয়াল ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন সম্পন্ন করতে হবে:

* ওয়েবসাইট: https://join.army.mil.bd
* আবেদন ফি: ১,০০০/- টাকা (অনলাইন পেমেন্টের মাধ্যমে দেওয়া যাবে)।

**সহযোগিতার জন্য:**

* সাপোর্ট নম্বর: +৮৮০১৭১৩৬১৯৭১৯
* ই-মেইল: joinarmy.helpdesk@gmail.com

আগ্রহী শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের আগেই আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার পরামর্শ দেওয়া হচ্ছে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,

১০.০৮.২০২৬

(গাজী মোহাম্মদ মাহবুব)
পরিচালক
ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর

স্মারক নং- গোবিপ্রবি/ছা.প.নি/বি.নো/২০২৬/৪৫/৩৩

তারিখ ঃ ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ**

১। সভাপতি, সকল বিভাগ/প্রভোস্ট সকল হল, গোবিপ্রবি
২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, গোবিপ্রবি (বিজ্ঞপ্তির কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৩। পিএস টু ভাইস চ্যান্সেলর, গোবিপ্রবি, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)
৪। পিএস টু প্রো-ভাইস চ্যান্সেলর, গোবিপ্রবি, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)
৫। অফিস নথি

১০.০৮.২৬

(শরীফ শরীফুল)
সহকারী পরিচালক (স্টুডেন্ট ওয়েলফেয়ার)
ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর

CamScanner

